192

দৈনিক সংবাদ

তারিখ ... MAY. 6.. 1999

পৃষ্ঠা 16 কলাম 2

# ফজলুল হক হল বহিরাগতরা ক্ষমা চেয়ে চলে গেছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলে দীর্ঘ দুবছর ধরে অবস্থানকারী বহিরাগত সন্ত্রাসীরা হলের ছাত্র এবং কর্তৃপক্ষের কাছে ক্ষমা চেয়ে গত বুধবার রাতে হল ছেড়ে চলে গেছে। এ তথ্য জানিয়েছেন ওই হলের প্রভোস্ট ডঃ অধ্যাপক হোসেন মনসুর এবং প্রক্টর ডঃ অধ্যাপক এ কে এম নূর-উন-নবী।

হল প্রভোস্ট ডঃ হোসেন মনসুর জানান, দীর্ঘ দুবছর ধরে এ হলে বহিরাগত সন্ত্রাসীরা অবস্থান করে হলের ছাত্রদের উপর বিভিন্ন অন্যায় অত্যাচার চালিয়েছে। তারা অবৈধভাবে হলে অবস্থান করত, ফাও খেত এবং বিভিন্ন অপকর্ম করত। হল ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পুলিশের সহযোগিতায় হলকে বহিরাগতমুক্ত করা সম্ভব হয়েছে।

বহিরাগত শিপু এসএসসি পরীক্ষা দেয়ার জন্য বাড়ি চলে গেছে। অন্যরা ছাত্রদের কাছে ক্ষমা চেয়ে চলে গেছে।

প্রক্টর ডঃ এ কে এম নূর-উন-নবী জানান, হল বর্তমানে বহিরাগতমুক্ত বলে সাধারণ ছাত্ররা প্রভোস্টকে ধন্যবাদ জানিয়েছে।